


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলাপ্রশাসকের কার্যালয়, শরীয়তপুর  
(ভূমি অধিগ্রহণ শাখা)

“গণবিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার শরীয়তপুর সদর উপজেলাধীন ১০১ রুদ্রকর হোগলা মৌজায় জমির পরিমাণ ৭.৮০০০ একর এবং ৫৪ নম্বর মাকসাহার মৌজায় জমির পরিমাণ ৬.২৭০০ একর সর্বমোট=১৪.০৭০০ একর ভূমি শরীয়তপুর (মনোহর বাজার)-ইরাহিমপুর ফেরিঘাট পর্যন্ত সড়ক উময়ন প্রকল্পের জন্য সড়ক বিভাগ, শরীয়তপুর এর অনুকূলে এল.এ ২৮/২০২০-২০২১ নম্বর কেসে অধিগ্রহণ করার জন্য নির্ধারণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুম দখল আইন, ২০১৭ এর ৪(৩)(খ) ধারা মোতাবেক প্রস্তাবিত জমি প্রত্যাশি সংস্থা এবং জেলাপ্রশাসকের মনোনীত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কানুনগো, সার্ভেয়ার এর সমন্বয়ে ২০-১০-২০২২ তারিখে যৌথ তদন্ত সম্পন্ন হয়েছে। উক্ত তালিকা স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুম দখল আইন, ২০১৭ এর ৪(৬) ধারা মোতাবেক জনস্বার্থে গণবিজ্ঞপ্তি জারী করা হলো।

কোন ব্যক্তি প্রদর্শিত যৌথ তদন্ত তালিকায় গৃহীত সিদ্ধান্তের দ্বারা সংক্ষুদ্ধ হলে উক্ত আইনের ৪(৮) উপধারা মোতাবেক পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা মহোদয়ের নিকট আপীল দায়ের করতে পারবেন।

  
পলাশ কুমার দেবনাথ


ভূমি অধিগ্রহণ কর্মকর্তা  
শরীয়তপুর

স্মারক নম্বরঃ ৩১.৩০.৮৬০০.০১২.০২.০৪৬.২৪- ৩১৪

তারিখ: ০৮ চৈত্র ১৪৩০  
২১ মার্চ ২০২৪

অনুলিপি: সদয় অবগতি/অবগতির জন্য

১. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
২. জেলাপ্রশাসক, শরীয়তপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর, শরীয়তপুর।
৪. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, শরীয়তপুর।
৫. সহকারী কমিশনার (ভূমি), শরীয়তপুর সদর, শরীয়তপুর।
৬. চেয়ারম্যান, রুদ্রকর ইউনিয়ন পরিষদ, শরীয়তপুর সদর, শরীয়তপুর।
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, রুদ্রকর ইউনিয়ন ভূমি অফিস, শরীয়তপুর সদর, শরীয়তপুর।
৮. অফিস কপি।

  
পলাশ কুমার দেবনাথ

ভূমি অধিগ্রহণ কর্মকর্তা  
শরীয়তপুর